# বার্ষিক উন্নয়ন পরিকল্পনা

অর্থ-বছর ২০২৩-২০২৪

নান্দাইল উপজেলা
ময়মনসিংহ

# বার্ষিক উন্নয়ন পরিকল্পনা

অর্থ-বছর ঃ ২০২৩-২০২৪

প্রকাশকাল

আগষ্ট, ২০২৩

নান্দাইল উপজেলা পরিষদ

ময়মনসিংহ

## ১.১ উপজেলার পটভূমি


এক সময়ে নন্দদুলাল নামের এক জমিদার ছিলেন। জমিদারি সীমানা তিনি নির্ধারণ করেছিলেন আইলের মাধ্যমে। মোগল আমলে এ এলাকার জনগণের নিকট থেকে জমির খাজনা আদায় করা খুবই দুরহ ছিল। নন্দলাল প্রজাদের সঙ্গে ভাল সম্পর্ক তৈরী করে খাজনা আদায়ে সাফল্য লাভ করেন। তখন থেকেই এ এলাকার নাম তার নামানুসারে নান্দাইল রাখা হয়। নন্দ দুলালের নন্দ। এর সঙ্গে আইল অপভ্রংশ যুক্ত হয়ে নান্দাইল নামকরণ হয়। ময়মনসিংহ জেলার একটি বর্ধিষ্ণু উপজেলা নান্দাইল। লোকজ ঐতিহ্যের সঙ্গে এ উপজেলার গৌরবময় সম্পৃক্ততা রয়েছে। ময়মনসিংহ গীতিকায় নান্দাইলের আড়ালিয়া বিল এর কুড়া শিকারী প্রসঙ্গ এসেছে। এছাড়াও মনসা মঙ্গলের একটি গুরুত্বপূর্ণ চরিত্রের অধিবাস ছিলো এই নান্দাইলে। গুরুত্বপূর্ণ এ চরিত্রের নাম হচ্ছে কানাহরি। পূর্ব ময়মনসিংহের এই নান্দাইলেই কানাহরির সাকিন ছিলো বলে ঐতিহাসিক তথ্য-উপাত্তের ভিত্তিতে দাবি করা হয়। যদিও এ সম্পর্কে মতবিরোধ রয়েছে। ১৯১২ সালের ২ জানুয়ারী প্রশাসনিক ইউনিট হিসেবে নান্দাইল থানার গোড়াপত্তন ঘটে। ১৯১২ সালের ১৮ জানুয়ারী নান্দাইল থানা সরকারি গেজেটভুক্ত হয়। ১৯৮২ সালের ১৫ ডিসেম্বর নান্দাইল উপজেলা সৃষ্টি হয়।

## ১.২ উপজেলার ভৌগলিক পরিচিতি

নান্দাইল উপজেলার ভৌগলিক অবস্থান উত্তর অক্ষাংশের ২৪ক্ক২৮' এবং ২৪ক্ক৩৯' এর মধ্যে ৯০ক্ক৩০' এবং ৯০ক্ক৪৯' দ্রাঘিমাংশের মধ্যে।

এ উপজেলার উত্তরে ঈশ্বরগঞ্জ ও কেন্দুয়া উপজেলা, দক্ষিণাংশে হোসেনপুর উপজেলা, পশ্চিমে ত্রিশাল উপজেলা, পূর্বে তাড়াইল উপজেলা অবস্থিত।

## ১.৩ উপজেলার মানচিত্র



## ২.১ আর্থ-সামাজিক তথ্যঃ

| বিষয় | পরিমাণ/সংখ্যা | উৎস/বছর |
|---|---|---|
| উপজেলা প্রতিষ্ঠা | | |
| জেলা সদর থেকে দূরত্ব | ৪৭ কি.মি | |
| আয়তন | ৩২৬.৩৭ বর্গ কি.মি | আদম শুমারি ২০১১ |
| জনসংখ্যা | নারী- ১৯৮২০১<br>পুরুষ- ২০৪৫২৬<br>তৃতীয় লিঙ্গ- ১৪<br>মোট- ৮৭৫২৩ | ঐ |
| খানা/ পরিবার | ৮৭৫২৩ | |
| প্রতিবন্ধী জনসংখ্যার সংখ্যা | নারী- ৩৩৪৭<br>পুরুষ- ৩৫১৪<br>তৃতীয় লিঙ্গ- ১৪ | সমাজ সেবা অফিস |
| ভোটার সংখ্যা | ৩২৬৫৬৪ | |
| জনসংখ্যার ঘনত্ব | ১২৩৪ জন প্রতি বর্গ কি.মি. | |
| পৌরসভার সংখ্যা | ০১ | |
| ইউনিয়নের সংখ্যা | ১৩ | |
| ওয়ার্ড | ১১৭ | |
| মহল্লা | ২০ | |
| মৌজা | ১৬৩ | |
| গ্রামের সংখ্যা | ২৬৫ | |
| **গুরুত্বপূর্ণ সরকারি অবকাঠামো** | | |
| হাট-বাজার | ৩৪ | |
| গ্রোথ সেন্টার (Growth Center) | ৩ | |
| হাসপাতাল | ০১ | সরকারি |
| স্বাস্থ্য উপ-কেন্দ্র/ কমিউনিটি ক্লিনিক | ১২/৪০ | |
| ব্যাংকের শাখা | ৬ | |
| ডাকঘর | ০১ | |
| প্রাথমিক বিদ্যালয় | ১৭৮ | |
| মাধ্যমিক বিদ্যালয় | ৭৫ | |
| বিশ্ববিদ্যালয়/ কলেজ | ৩ | |
| মসজিদ | ৪৭১ টি | ইসলামিক ফাউন্ডেশন |
| মন্দির | ২৭ টি | |
| কবরস্থান | ৫ | |
| নৌকার ঘাট | ৩ | |
| পোষ্ট অফিস | ৩৬ | |
| কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান | ০১ | উপজেলা শিক্ষা অফিস |
| গণ শৌচাগার | ৫ | |
| পাঠাগার | ৫০ | |
| পার্ক/উন্মুক্তস্থান | ১ | |
| পুকুরের সংখ্যা | ১৪০১ | |
| নদীর সংখ্যা | ১ | ভূমি অফিস |

| এসডিজি'র গুরুত্বপূর্ণ সূচক সমূহ এবং টার্গেট সমূহ | জাতীয় পর্যায়ে বেসলাইন তথ্য (বছর) | উপজেলার সর্বশেষ তথ্য (বছর) | ২০৩০ সালের লক্ষ্য মাত্রা |
|---|---|---|---|
| ১.২.১ জাতীয় দারিদ্র্য সীমার নিচে বসবাসকারী জনসংখ্যার মধ্যে দারিদ্রের হার (%) (এসডিজি- ১, টার্গেট ১.২) | ২৪.৩% (বিশ্বব্যাংক, ২০১৬) | ১১% | ৯.৭% |
| ২.২.২ পাঁচ (৫) বছরের কমবয়সী শিশুদের মধ্যে অপুষ্টির হার (%) (এসডিজি ২, টার্গেট ২.২) | ১৪.৩% (BDHS, ২০১৫) | ৮% | < ৫% |
| ৩.১.১ মাতৃ মৃত্যুর হার (প্রতি ১০০০ শিশুর জন্য) (এসডিজি ৩, টার্গেট ৩.১) | ১৮১ (SVRS, ২০১৫) | ১০২ | ৭০ |
| ৪.২.২ প্রাতিষ্ঠানিক শিক্ষায় অংশগ্রহণকারীর হার (সরকারী হিসাবে প্রাথমিক শিক্ষায় প্রবেশের বয়সের সময়) (%) (এসডিজি ৪, টার্গেট ৪.২) | ৩৯% (APSC, ২০১৫) | ৮৫ | ১০০% |
| ৫.৫.১স্থানীয় সরকারে প্রতিনিধিত্বকারী নারী প্রতিনিধির পরিমাণ (%) (এসডিজি ৫, টার্গেট ৫.৫) | ২৩% (স্থানীয় সরকার বিভাগ, ২০১৬) | ৩৩% | ৩৩% |
| ৬.১.১ নিরাপদ পানীয় জল ব্যবহারকারী জনসংখ্যার অনুপাত (%) (এসডিজি ৬, টার্গেট ৬.১) | ৪২.৬%, (MICS, ২০১৯) | ৮৮ | ১০০% |
| ৭.১.১ বিদ্যুৎ সরবরাহের আওতায় থাকা জনসংখ্যার অনুপাত (%) (এসডিজি ৭, টার্গেট ৭.১) | ৭৮% (SVRS, ২০১৮) | ৯৯ | ১০০% |
| ৮.৬.১১৫-২৪ বছর বয়সী যুবকদের মধ্যে শিক্ষা, কর্মসংস্থান, বা প্রশিক্ষণেনা থাকা যুবকের পরিমাণ (%) (এসডিজি ৮, টার্গেট ৮.৬) | ২৮.৮৮% (QLFS, ২০১৫-১৬) | ১৬.১৩ | ৩% |
| ৯.গ.১ মোবাইল নেটওয়ার্কেরআওতায় থাকা জনসংখ্যার অনুপাত | ২এ- ৯৯%<br>৩এ- ৭১% | ১০০%, 4G | ২এ, ৩এ- ১০০%, 4G চালু হয়েছে ২০১৮ সালে |
| ঝরে পড়া শিক্ষার্থীর হার | ১০.৫% | ৫% | শিক্ষা অফিস |
| স্বাস্থ্য সম্মত শৌচাগার ব্যবহারকারীর পরিবার (%) | ৮১.৫% | ৮৩.২৯ | বিবিএস ২০১৯ |

## ২.২ ইউনিয়ন সমূহ

১. বীর বেতাগৈর ইউনিয়ন

২. মোয়াজ্জেমপুর ইউনিয়ন

৩. নান্দাইল ইউনিয়ন

৪. চন্ডীপাশা ইউনিয়ন

৫. গাংগাইল ইউনিয়ন

৬. রাজগাঁতী ইউনিয়ন

৭. মুশুলী ইউনিয়ন

৮. সিংরইল ইউনিয়ন

৯. আচারগাঁও ইউনিয়ন

১০. শেরপুর ইউনিয়ন

১১. খারুয়া ইউনিয়ন

১২. জাহাঙ্গীরপুর ইউনিয়ন

১৩. চর বেতাগৈর ইউনিয়ন

## ৩.১ পরিস্থিতি বিশেস্নষন

উপজেলার খাত ভিত্তিক পরিস্থিতি বিশ্লেষণে প্রতিটি খাতের জনকেন্দ্রিক সমস্যা চিহ্নিত করে তার অবস্থান, পরিমান, কারণ, সমস্যা সমাধানে চলমান কার্যাবলীকে অন্তর্ভূক্ত করা হয়েছে এবং চলমান কার্যাবালি শেষে ১ বছর পর আর কতটুকু সমস্যা থাকবে তা চিহ্নিত করে উপজেলা পরিষদের সক্ষমতা অনুযায়ী কার্যক্রম গ্রহণে সুপারিশ করা হয়েছে। উপজেলা পরিষদ তার সক্ষমতা অনুযায়ী সুপারিশ থেকে কার্যক্রম গ্রহণ করেছে। অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন বিষয়ক উপজেলা কমিটি ও টিজিপি পরিস্থিতি বিশ্লেষণে উপজেলা পরিষদকে সহযোগিতা করেছে।

## পরিস্থিতি বিশ্লেষন

| খাত | সমস্যা / উন্নয়নের প্রতিবন্ধকতার বর্ণনা | | | | সাম্প্রতিক, চলমান এবং / অথবা পরিকল্পিত কার্যাবলি | ১ বছর পরে বিদ্যমান সমস্যা | সুপারিশযোগ্য পদক্ষেপ / পাল্টা ব্যবস্থা |
|---|---|---|---|---|---|---|---|
| | সমস্যা | অবস্থান/ এলাকা | পরিমাণ/বিস্তৃতি | কারণ | | | |
| যোগাযোগ ও অবকাঠামো (এলজিইডি অফিস) | স্থানীয় বাসিন্দারা বিভিন্ন প্রতিষ্ঠান এবং গ্রামীণ হাট-বাজারে যেতে পারে না। | ১৩টি ইউনিয়ন ও একটি পৌরসভা | ১। ৪৫ সড়কের ৯৫ কি. মি. রাস্তা (৪১ কি. মি. রাস্তা মেরামত ও পুনঃনির্মাণ ও ৬৪ কি. মি. রাস্তা নির্মাণ)<br>২। ২৪ টি ব্রিজ (০৯ সংস্কার ও ১৫ নির্মাণ)<br>৩। ১৩ টি পুল নির্মাণ ও সংস্কার।<br>৪। ২৮ টি কালভার্ট নির্মাণ।<br>৫। ১৩ টি ঘাট/ঘাটলা নির্মাণ।<br>৬। ১৪২০ মিটার রাস্তা প্যালাসাইডিং/গাইড ওয়াল নির্মাণ।<br>৭। ৪ টি যাত্রী ছাউনী নির্মাণ।<br>৮। এলজিইডির বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ প্রয়োজন। | ১। পর্যাপ্ত রাস্তা, ব্রিজ, ড্রেন, ঘাট/ঘাটলা, গাইড ওয়াল, যাত্রী ছাউনী এবং কালভার্ট এর অভাব।<br>২। পর্যাপ্ত প্রশিক্ষণ এর অভাব। | এলজিইডি এর বিভিন্ন প্রকল্পের মাধ্যমে চলতি বছরে (২০২১-২২) নিম্ন বর্ণিত কাজ চলমান আছে:<br>১। ১৩ টি ইউনিয়নের ৬২ কিমি রাস্তা নির্মাণ ও সংস্কার,<br>২। ৪ টি ব্রিজ নির্মাণ ও সংস্কার,<br>৩। ০২ টি লোহার পুল নির্মাণ,<br>৪। ১৪ টি কালভার্ট নির্মাণ,<br>৫। ৬ টি ঘাট/ঘাটলা নির্মাণ,<br>৬। ১৫৫০ মিটার রাস্তা পাইলিং /গাইড ওয়াল নির্মাণ, এবং<br>৭। ১ টি যাত্রী ছাউনী নির্মাণ। | ১। ৪৫ কি.মি. রাস্তা নির্মাণ ও সংস্কার<br>২। ০৯ টি ব্রিজ নির্মাণ ও সংস্কার<br>৩। ৭ টি লোহার পুল নির্মাণ ও সংস্কার<br>৪। ১৫ কালভার্ট নির্মাণ<br>৫। ৭ টি ঘাট/ঘাটলা নির্মাণ<br>৬। ১৩৫০ মিটার গাইড ওয়াল নির্মাণ<br>৭। ৩ টি যাত্রী ছাউনী নির্মাণ<br>৮। পর্যাপ্ত প্রশিক্ষণ এর অভাব। | উপজেলা পরিষদ আগামী এক বছরের মধ্যে<br>১। ২০ কি.মি. রাস্তা নির্মাণ এবং মেরামত করবে,<br>২। ৬ টি ব্রিজ সংস্কার করবে,<br>৩। ২ লোহার পুল নির্মাণ ও সংস্কার করবে,<br>৪। ১৫ টি কালভার্ট নির্মাণ করবে,<br>৫। ৭ টি ঘাট/ঘাটলা নির্মাণ করবে,<br>৬। ১৪৫০ মিটার গাইড ওয়াল নির্মাণ,<br>৭। ৩ টি যাত্রী ছাউনী নির্মাণ করবে।<br>৮। প্রশিক্ষণের ব্যবস্থা করবে। |
| স্বাস্থ্য | জনগণ সঠিকভাবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স | ১৩ টি ইউনিয়ন ও পৌরসভা | ১। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ২ টি ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স এবং ১৬ টি কমিউনিটি ক্লিনিক | ১। দূর্বল অবকাঠামো।<br>২। আসবাবপত্র এর অভাব।<br>৩। জনবল সংকট। | ১। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে চলতি বছরে ১ টি ইউনিয়ন স্বাস্থ্য | ১। ১২ টি সিসি, ইউএইচসি, ১ টি ইউএসসি।<br>২। ১৮ জন জনবল সংকট | উপজেলা পরিষদ আগামী এক বছরের মধ্যে<br>১। ২ টি সিসি এবং ১ টি ইউএসসি সংস্কার। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | এবং কমিউনিটি ক্লিনিক থেকে চিকিৎসা পায় না। | | মেরামত।<br>২। ৬ টি ইউএসসি ও ৫ টি সিসিতে আসবাবপত্র সরবরাহ।<br>৩। ১টি এ্যাম্বুলেন্স মেরামত, ১টি এনালাইজার মেশিন, করোনা ওয়ার্ড এ এসি ও ২ টি এক্স-রে মেশিন।<br>৪। নতুন জনবল (১৮) নিয়োগ ও কর্মরত স্বাস্থ্যকর্মীদের প্রশিক্ষণ প্রদান।<br>৫। বিভিন্ন ইউনিয়নে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী সরবরাহ। | ৪। উপজেলা হেলথ কমপ্লেক্সে এনালাইজার মেশিন, এ্যাম্বুলেন্স, করোনা ওয়ার্ড এ এসি ও এক্স-রে মেশিনের সংকট।<br>৫। স্বাস্থ্য বিষয়ের উপর প্রশিক্ষণের অভাব।<br>৬। বিভিন্ন ইউনিয়নে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রীর অভাব। | কমপ্লেক্স এবং ৪ টি কমিউনিটি ক্লিনিক মেরামতের কাজ চলমান আছে।<br>২। স্বাস্থ্য অধিদপ্তর থেকে ডাক্তার ও নার্সসহ স্বাস্থ্যকর্মীদের পিপিই সরবরাহের কাজ চলমান আছে। | (ইউএসসি এবং ইউএইচসি)।<br>৩। আসবাবপত্র সংকট (৫ সিসি এবং ৬ ইউএসসি)।<br>৪। ১টি এ্যাম্বুলেন্স মেরামত, ১টি এনালাইজার মেশিন, করোনা ওয়ার্ড এ এসি ও ২ এক্স-রে মেশিন (ইউএইচসি)।<br>৫। স্বাস্থ্য বিষয়ের উপর প্রশিক্ষণের অভাব।<br>৬। বিভিন্ন ইউনিয়নে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রীর অভাব। | ২। ১৮ জন জনবল নিয়োগের জন্য মন্ত্রণালয়কে চাহিদার তালিকাসহ চিঠি প্রেরণ।<br>৩। ৩ টি সিসি এবং ৪ টি ইউএসসিতে আসবাবপত্র সরবরাহ।<br>৪। ১টি এ্যাম্বুলেন্স মেরামত, ১টি এনালাইজার মেশিন, করোনা ওয়ার্ড এ এসি ও ২ এক্স-রে মেশিন (ইউএইচসি) সরবরাহের জন্য মন্ত্রণালয়ে সুপারিশ সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। |
| মৎস্য | ১। জনবলের অভাবে কাঙ্খিত সেবা দিতে না পারা<br>২। মাঠ পর্যায়ে পর্যাপ্ত প্রশিক্ষণ দিতে না পারা | ১৩ টি ইউনিয়ন ও একটি পৌরসভা | ১০২০০ মৎস্যজীবী | ১।ওরগানোগ্রাম অনুযায়ী লোকবল পোষ্টিং না দেয়া।<br>২। বরাদ্দের অভাব। | কার্যক্রম নেই | ১০২০০ মৎস্যজীবী | ১। উপজেলা পরিষদ ১০০ জন কৃষককে বিভিন্ন প্রজাতির মৎস্য চাষ ও মৎস্য সংশ্লিষ্ট আইন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে পারে।<br>২। মৎস্য অধিদপ্তরে লোকবল পূরণের জন্য উপজেলা পরিষদের মাধ্যমে পত্র দেয়া যেতে পারে |
| প্রাণিসম্পদ | খামারিরা তাদের গবাদি পশু-পাখিদের জন্য পর্যাপ্ত চিকিৎসা | ১৩ টি ইউনিয়ন ও একটি পৌরসভা | ১। ১৮৭৫ জন খামারি।<br>২। খামার তৈরীর বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণা। | ১। উপজেলা প্রাণিসম্পদ অফিসে অপ্রর্যাপ্ত যানবাহন (৩টি মটর সাইকেল)। | ১। প্রানি সম্পদ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে খামারিদেরকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | ১। উপজেলা প্রাণিসম্পদ অফিসে অপ্রর্যাপ্ত যানবাহন (৩টি মটরা সাইকেল)<br>২। পর্যাপ্ত অফিস কম্পিউটার | ১। উপজেলা পরিষদ প্রাণিসম্পদ অফিসকে পর্যাপ্ত মটরসাইকেল এবং ল্যাপটপ প্রদান করার জন্য প্রাণিসম্পদ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | পায় না। | | | ২। পর্যাপ্ত অফিস কম্পিউটার নাই (একটি ল্যাপটপ)।<br>৩। খামারিদের প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব।<br>৪। খামার তৈরীর বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণার অভাব | ২। ডেইরী প্রকল্পের মাধ্যমে বাড়ি বাড়ি গিয়ে গবাদি পশুর রোগ নির্ণয় ও চিকিৎসা প্রদান করা হচ্ছে। | নাই (একটি ল্যাপটপ)।<br>৩। বিভিন্ন বিষয়ে পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব।<br>৪। খামার তৈরীর বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণার অভাব। | অধিদপ্তরে সুপারিশ করবে।<br>২। উপজেলা পরিষদ প্রাণিসম্পদ এর বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করবে। |
| কৃষি | কাংখিত উৎপাদন বৃদ্ধি পাচ্ছে না। | ১৩ টি ইউনিয়ন | ৯৫০০০ হাজার কৃষক। | ১। কৃষিতে আধুনিক যন্ত্রপাতি (ট্রাক্টর বা পাওয়ার টিলার, স্প্রে মেশিন, রিপার মেশিন, শ্যালো ইঞ্জিন, ফিতা পাইপ) এর অপ্রতুলতা।<br>২। পর্যাপ্ত খাল ড্রেজিং এর অভাব।<br>৩। কাঁচা সেচ নালা।<br>৪। পর্যাপ্ত আধুনিক কৃষি উপকরণের (বীজ/চারা ও সার) এর অভাব।<br>৫। দূর্বল স্লুইজ গেট ও বেড়িবাঁধ ব্যবস্থা।<br>৬। কৃষকদের কৃষি বিষয়ক পর্যাপ্ত প্রশিক্ষণ এর অভাব। | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে কৃষিতে আধুনিক যন্ত্রপাতির ব্যবহার নিশ্চিত করার কাজ চলমান আছে। চলতি বছরে মধ্যে ৪০% (আধুনিক যন্ত্রপাতিও উন্নত কৃষি উপকরণ ব্যবহার না করা কৃষকের হার) থেকে ৩০% কমিয়ে আনা। | ১। ৩০ %কৃষক (আধুনিক যন্ত্রপাতি (ট্রাক্টর বা পাওয়ার টিলার, স্প্রে মেশিন, রিপার মেশিন, শ্যালো ইঞ্জিন, ফিতা পাইপ) ও উন্নত কৃষি উপকরণ (বীজ/চারা ও সার) ব্যবহার না করা কৃষকের হার)<br>২। পর্যাপ্ত খাল ড্রেজিং এর অভাব।<br>৩। পর্যাপ্ত আধুনিক কৃষি উপকরণের অভাব (বীজ/চারা ও সার)<br>৪। কাঁচা সেচ নালা<br>৫। দূর্বল স্লুইজ গেট ও বেড়িবাঁধ ব্যবস্থা।<br>৬। পর্যাপ্ত প্রশিক্ষণ এর অভাব | ১। উপজেলা পরিষদ ৫ % কৃষকদের আধুনিক যন্ত্রপাতি (ট্রাক্টর বা পাওয়ার টিলার, স্প্রে মেশিন, রিপার মেশিন, শ্যালো ইঞ্জিন, ফিতা পাইপ) ও উন্নত কৃষি উপকরণ (বীজ/চারা ও সার) ব্যবহার নিশ্চিত করবে।<br>২। কৃষকদের কৃষি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করবে।<br>৩। স্লুইজ গেট মেরামত ও বেড়িবাঁধ নির্মাণের জন্য যথাযথ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ।<br>৪। খাল ড্রেজিং এর জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে সুপারিশ করবে।<br>৫। আধুনিক সেচনালা ব্যবহার নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ৬। বারিক পাইপ/ভূগর্ভস্থ সেচনালার প্রকল্পের মাধ্যমে কাজ চলমান রয়েছে। |
| পরিবার পরিকল্পনা | ১। জনবলের অভাবে সেবা দিতে না পারা<br>২। যানবাহনের অভাবে মাঠ পর্যায়ের কাজ তদারকি করতে না পারা | সমগ্র উপজেলা | ১। ২৯ জন<br>২। ৩ টি মটরসাইকেল | ১। অধিদপ্তর কর্তৃক জনবল নিয়োগ না দেয়া<br>২। অধিদপ্তর কর্তৃক বরাদ্দ না দেয়া | কার্যক্রম নেই | ১। ২৯ জন<br>২। ৩ টি মটরসাইকেল | অধিদপ্তরে পত্র দেয়া যেতে পারে |
| জনস্বাস্থ্য | জনগণ বিশুদ্ধ পানি পান করতে পারে না। | ১৩ টি ইউনিয়ন | ২০০০ টি গভীর/অগভীর নলকূপ প্রয়োজন। | পর্যাপ্ত গভীর নলকূপের অভাব। | সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প, ডিপিএইচই এর বিভিন্ন প্রকল্পের মাধ্যমে চলতি বছরে ৬৭৬ গভীর/ অগভীর নলকূপ স্থাপন কাজ চলমান আছে। | ১২২৪ টি গভীর নলকূপ<br>পানির স্তরে আয়রণ পরিলক্ষিত হচ্ছে | উপজেলা পরিষদ আগামী এক বছরের মধ্যে ৫০ টি গভীর নলকূপ স্থাপন করতে পারে। |
| | স্থানীয় জনগণ স্বাস্থ্যসম্মত ও টেকসই টয়লেট ব্যবহার করতে পারেনা। | | ৫০০ টি টয়লেট এবং ৫০ টি ওয়াশব্লক নির্মাণ | পর্যাপ্ত ওয়াশব্লক এবং স্বাস্থ্যসম্মত ও টেকসই টয়লেটের অভাব। | অগ্রাধিকার ভিত্তিতে, ডিপিএইচই এর বিভিন্ন প্রকল্পের মাধ্যমে চলতি বছরে ২০ টি ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান আছে। | ১। ৫০০ টি স্বাস্থ্যসম্মত টয়লেট<br>২। ৩৮ টি ওয়াশব্লক | উপজেলা পরিষদ আগামী এক বছরের মধ্যে ১০টি স্বাস্থ্যসম্মত টয়লেট এবং ৪ টি ওয়াশব্লক নির্মাণ করতে পারে। |
| প্রাথমিক শিক্ষা | বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতির হার কমে যাচ্ছে। | ১৩ টি ইউনিয়ন ও ১টি পৌরসভা | ১৭৮ টি প্রাথমিক বিদ্যালয়<br>নতুন ভবন নির্মাণাধীন ২৫টি | ১। ১২০ জন শিক্ষক সংকট।<br>২। মানসম্মত পাঠদানের অভাব।<br>৩। ৬১ টি বিদ্যালয়ের | ১। পিইডিপি - ৪ থেকে চলতি বছরে (২০২০-২১) ১০ টি বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ কাজ চলমান আছে। | ১। শিক্ষক সংকট।<br>২। মানসম্মত পাঠদানের অভাব।<br>৩। ১৬ টি বিদ্যালয়ের দূর্বল অবকাঠামো। | উপজেলা পরিষদ আগামী এক বছরের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে<br>১। ১৬ টি স্কুলে আসবাবপত্র সরবরাহ করবে। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | জরাজীর্ণ / দূর্বল অবকাঠামো।<br>৪। ২ টি শিক্ষা প্রতিষ্ঠানে প্রয়োজনীয় আসবাবপত্রের অভাব।<br>৫। দিনমজুর ও মাছধরার কাজে শিশুদের সম্পৃক্ত থাকা।<br>৬। বিদ্যালয়ে আধুনিক সুযোগ সুবিধার অভাব।<br>৭। শিক্ষকদের আইসিটির উপর পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব।<br>৮। ১৭৮ টি বিদ্যালয়ে ক্রীড়া সামগ্রীর অভাব। | ২। পিইডিপি - ৪ থেকে চলতি বছরে ১৫ টি বিদ্যালয়ে মেরামতের কাজ চলমান আছে।<br>৩। স্কুল ফিডিং প্রোগ্রামের মাধ্যমে ১৭৯ টি বিদ্যালয়ে শিশুদের খাবারের জন্য বিস্কুট সরবরাহ করা হচ্ছে।<br>৪। উপবৃত্তি প্রকল্প থেকে সকল শিশুদের উপবৃত্তি প্রদান করা হচ্ছে। | ৪। দিনমজুর ও মাছধরার কাজে শিশুদের সম্পৃক্ত থাকা।<br>৫। বিদ্যালয়ে আধুনিক সুযোগ সুবিধার অভাব।<br>৬। শিক্ষকদের আইসিটির উপর পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব।<br>৭। ১৭৮টি বিদ্যালয়ে ক্রীড়া সামগ্রীর অভাব। | ২। ১৬ টি বিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন করবে।<br>৩। শিক্ষকদেরকে আইসিটির উপর প্রশিক্ষণ প্রদান করবে।<br>৪। শিক্ষক নিয়োগের জন্য উপজেলা পরিষদ মন্ত্রণালয়কে চিঠির মাধ্যমে সুপারিশ করবে।<br>৫। বিদ্যালয় আধুনিকীকরণ বা আধুনিক সুযোগ সুবিধা নিশ্চিত করার জন্য মন্ত্রণালয়ে সুপারিশ করবে।<br>৬। ১৫ টি বিদ্যালয়ে ক্রীড়া সামগ্রী সরবরাহ করবে। |
| মাধ্যমিক শিক্ষা | শিক্ষার্থীদের উপস্থিতির হার কমে যাচ্ছে। | ১৩ টি ইউনিয়ন ও ১টি পৌরসভা | ৮১ টি শিক্ষা প্রতিষ্ঠান। | ১। ৭০ টি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক এবং মদ্রাসা সমূহে শিক্ষা উপকরণ এবং বেঞ্চ ও টেবিলসহ বিভিন্ন আসবাবপত্রের স্বল্পতা।<br>২। ৫০ টি শিক্ষা প্রতিষ্ঠান সমূহের দূর্বল অবকাঠামো।<br>৩। মানসম্মত পাঠদানের অভাব।<br>৪। ৬০ টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া প্রজেক্টর নাই।<br>৫। ৭০ টি বিদ্যালয়ে | অগ্রাধিকার ভিত্তিতে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর চলতি বছরে (২০২০-২১) ১০ টি শিক্ষা প্রতিষ্ঠান এর অবকাঠামোগত উন্নয়ন করবে এবং শিক্ষা উপকরণ ও আসবাবপত্র সরবরাহ কাজ চলমান আছে। | ১। ৬০ টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ ও আসবাবপত্র এবং ৪০ টি শিক্ষা প্রতিষ্ঠান অবকাঠামোগত সমস্যা।<br>২। মানসম্মত পাঠদান অভাব।<br>৩। ৬০ টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া প্রজেক্টর সমস্যা।<br>৪। ৭০ টি বিদ্যালয়ে ক্রীড়া সামগ্রীর অভাব।<br>৫। শিক্ষকদের আইসিটির উপর পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব।<br>৬। বাল্যবিবাহ প্রকট।<br>৭। ৪০টি শিক্ষা প্রতিষ্ঠনে ওয়াশব্লক সংকট। | ১। উপজেলা পরিষদ আগামী এক বছরের মধ্যে ১০ টি শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়ন করবে এবং ২০ টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ ও আসবাবপত্র সরবরাহ করবে।<br>২। শিক্ষকদেরকে আইসিটির উপর প্রশিক্ষণ প্রদান করবে।<br>৩। ১০ টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করবে।<br>৪। ১০ টি বিদ্যালয়ে ক্রীড়া সামগ্রী সরবরাহ করবে।<br>৫। বাল্যবিবাহ প্রতিরোধে |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ক্রীড়া সামগ্রীর অভাব।<br>৬। শিক্ষকদের আইসিটির উপর পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব।<br>৭। বাল্যবিবাহ প্রকট।<br>৮। ৪০টি শিক্ষা প্রতিষ্ঠনে ওয়াশব্লক সংকট।<br>৯। ৬১ টি প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রীর অভাব। | | | সচেতনাতা বৃদ্ধির লক্ষ্যে ব্যাপক আকারে প্রচারণা।<br>৬। ৫টি শিক্ষা প্রতিষ্ঠনে ওয়াশব্লক নিমাণ করবে। |
| সমাজসেবা | সুবিধাভোগীদের যথাযথভাবে সেবা দেওয়া সম্ভব হচ্ছেনা। | ১৩ টি ইউনিয়ন ও একটি পৌরসভা | ১। ৮ জন মাঠ কর্মী আছে কিন্তু যথেষ্ট দক্ষ না।<br>২। ৭ জন নতুন মাঠ কর্মীর প্রয়োজন।<br>৩। ৬ টি ফার্নিচার প্রয়োজন।<br>৪। অফিস কর্মচারী ও সেবা গ্রহিতার বসার স্থান অপর্যাপ্ত। | ১। দক্ষ জনবলের অভাব ও জনবল সংকট<br>২। সমাজসেবা অফিসের নথিপত্র সংরক্ষণের জন্য পর্যাপ্ত ফার্নিচারের স্বল্পতা।<br>৩। সেবা সহজীকরণের জন্য প্রযুক্তির সুবিধা বৃদ্ধিকরণ। | সমস্যা সমাধানের কোন কার্যক্রম এই মুহূর্তে চলমান নেই। | ১। ৮ জন মাঠ কর্মী আছে কিন্তু যথেষ্ট দক্ষ না।<br>২। ৭ জন নতুন মাঠ কর্মীর প্রয়োজন।<br>৩। ৬ টি ফার্নিচার প্রয়োজন<br>৪। অবকাঠামোগত সম্প্রসারণ প্রয়োজন।<br>৫। সেবা গ্রহিতাদের সুবিধার্থে নগদ অফিস স্থাপন। | ১। উপজেলা পরিষদ এ বছর সমাজসেবা অফিসে ৩ টি ফার্নিচার সরবরাহ করবে।<br>২। উপজেলা পরিষদ সমাজসেবা অফিসের জনবল সংকট দূরীকরণের জন্য সমাজসেবা অধিদপ্তর এর কাছে চিঠি দিবে।<br>৩। কর্মরত মাঠকর্মী এবং অফিস কর্মীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করবে। |
| পল্লী উন্নয়ন | পল্লী উন্নয়ন অফিস থেকে স্থানীয় জনগনকে সঠিকভাবে সেবা গ্রহণ করতে বিভিন্ন সমস্যার সম্মখিন হচ্ছে। | ১৩ টি ইউনিয়ন ও একটি পৌরসভা | ১। ৮ জন নতুন মাঠ কর্মীর প্রয়োজন।<br>২। উপজেলায় একটি পল্লী উন্নয়ন ভবন সংস্কার প্রয়োজন।<br>৩। মাঠ কর্মীরা যথেষ্ট দক্ষ না। | ১। পল্লী উন্নয়ন অফিসে জনবল সংকট।<br>২। উপজেলায় পল্লী উন্নয়নের নিজস্ব ভবন সংস্কার হয় নাই।<br>৩। মাঠ কর্মীদের পর্যাপ্ত দক্ষতার অভাব। | সমস্যা সমাধানের কোন কার্যক্রম এই মুহূর্তে চলমান নেই। | ১। ৮ জন নতুন মাঠ কর্মীর প্রয়োজন।<br>২। একটি পল্লী উন্নয়ন ভবন সংস্কার হয় নাই।<br>৩। মাঠ কর্মীরা যথেষ্ট দক্ষ না। | ১। নতুন মাঠ কর্মী নিয়োগের জন্য মন্ত্রণালয়ে চিঠি প্রেরণ।<br>২। উপজেলা পল্লী উন্নয়ন ভবন সংস্কার এর জন্য মন্ত্রণালয়ে চিঠি প্রেরণ।<br>৩। উপজেলা পরিষদ পল্লী উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | করতে পারে। |
| সমবায় | স্থানীয় সমবায় সমিতির সদস্যরা সঠিকভাবে সেবা পাচ্ছেনা। | উপজেলার ১৩টি ইউনিয়ন ও একটি পৌরসভা | উপজেলার ১৭৫ সমবায় সমিতির ৪ হাজার সমবায়ী | ১। উপজেলা সমবায় কর্মকর্তা এর কার্যালয়ে জনবল সংকট।<br>২। সমবায়ীদের পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব। | সমস্যা সমাধানের কোন কার্যক্রম এই মুহূর্তে চলমান নেই। | উপজেলার ১৭৫ সমবায় সমিতির ৪ হাজার সমবায়ী | ১। প্রকল্পভিত্তিক জনবল নিয়োগের জন্য মন্ত্রণালয়ে চাহিদাসহ চিঠি প্রেরণ।<br>২। উপজেলা পরিষদ সমবায়ীদের জন্য ট্রেডভিত্তিক ৬০ জনের প্রশিক্ষণের ব্যবস্থা করতে পারে। |
| যুব উন্নয়ন | উপজেলার যুবকরা যুব উন্নয়ন অধিদপ্তর এর প্রশিক্ষণ করার আগ্রহ কমে যাচ্ছে। | ১৩ টি ইউনিয়ন ও একটি পৌরসভা | ১২০০০ যুবক | ১। পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব।<br>২। প্রশিক্ষণে প্রশিক্ষণ ভাতা না থাকার কারণে। | উপজেলা পর্যায়ে যুব উন্নয়ন সেন্টার (নতুন বিল্ডিং) নির্মাণ করা হবে। তখন অনেক অনেক প্রশিক্ষণ প্রোগ্রাম থাকবে এবং সেই সকল প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের ভাতাও থাকবে। তবে এই বছর থেকে প্রশিক্ষণগুলোতে ভাতার ব্যবস্থা করা হয়েছে। | ১ বছর পর সমস্যা কিছুটা সমাধান হবে। | উপজেলা পরিষদ আগামী ১ বছরে ৬০ জন স্থানীয় যুবকদেরকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ তৈরিতে সহায়তা করতে পারে। |
| মহিলা বিষয়ক | ১। নারী, শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে ইউনিয়ন কমিটি সক্রিয় না থাকা<br>২। প্রশিক্ষণ সেন্টার না থাকা<br>৩। সেবা গ্রহিতাদের জন্য | উপজেলা অফিস ও ইউনিয়ন পরিষদ | - ১৭০০০ নারী সদস্য<br>- ১ টি প্রশিক্ষণ ভবন<br>- মাঠ পর্যায়ে জনবল নাই | ১। অধিদপ্তর থেকে বরাদ্ব না পাওয়া।<br>২। উপজেলা থেকে উদ্যোগ না নেয়া | কোন কার্যক্রম নেই | - ১৭০০০ নারী সদস্য<br>- ১ টি প্রশিক্ষণ ভবন<br>- মাঠ পর্যায়ে জনবল | ১। উপজেলা পরিষদ থেকে উপজেলা অফিস ও ইউনিয়ন পর্যায়ে পানি ও টয়লেটের ব্যবস্থা করতে পারে। নারী ক্ষমতায়নের জন্য কর্মসংস্থান সৃষ্টি করা। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | পানি ও টয়লেটের ব্যবস্থা না থাকা<br>৪। মাঠ পর্যায়ে জনবলের অভাব<br>৫। যানবাহনের অভাব | | | | | | |
| বন ও পরিবেশ | খেজুর গাছ ও তাল গাছ বিলুপ্ত হয়ে যাচ্ছে। | ১৩ টি ইউনিয়ন ও একটি পৌরসভা | ১০ বছর আগের চেয়ে বর্তমানে তাল গাছ ও খেজুর গাছ ৫০% কমে গেছে। ১ লক্ষ ১০ হাজার তাল গাছ ও ১ লক্ষ ৫০ হাজার খেজুর গাছ প্রয়োজন | ১। খেজুর গাছ ও তাল গাছ সংরক্ষণ এর অভাবে<br>২। স্থানীয় জনগণের মধ্যে সচেতনতার অভাবে। | ১। বন ও পরিবেশ অধিদপ্তর থেকে সচেতনতা বৃদ্ধির জন্য সার্কেল অনুযায়ী পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>২। বন ও পরিবেশ অধিদপ্তর থেকে ২০২২-২৩ অর্থ-বছরে ২০ হাজার তাল বীজ এবং ৩০ হাজার খেজুর বীজ রোপন করবে। | ৯০ হাজার তাল বীজ এবং ১ লক্ষ ২০ হাজার খেজুর বীজ | উপজেলা পরিষদ আগামী ১ বছরে ১ হাজার তাল বীজ এবং ২ হাজার খেজুর বীজ রোপন করতে এবং জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য ক্যাম্পেইন করতে পারে। |

## ৪.১ এসডবিস্নউওটি বিশেস্নষণ

উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করার সময় উপজেলা পরিষদের সম্ভাব্য সক্ষমতা, দূর্বলতা, সুযোগ এবং ঝুকির দিকগুলো চিহ্নিত ও বিশ্লেষণ **(SWOT Analysis)** করে। সম্ভাব্য সক্ষমতা, দূর্বলতা, সুযোগ এবং ঝুকির দিকগুলো বিশ্লেষণ করে দেখা যায় যে, উপজেলা পরিষদের যেমন অনেক সক্ষমতা আছে যার মধ্যে দক্ষ জনবল ও চমৎকার টিমওয়ার্ক, জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের চমৎকার সমন্বয় ও কার্যকর টিজিপি ও ইউসিএফবিপিএলআরএম কমিটি অন্যতম এবং কিছু দূর্বল দিক আছে যেমন ভৌত - অবকাঠামো ও যোগাযোগ খাতে প্রকল্প নেওয়ার প্রবণতা, নারী সদস্যদের মতামতের সীমাবদ্ধতা এবং অকার্যকর উপজেলার কমিটিসমূহ অন্যতম। এছাড়া বাহ্যিক পরিবেশগত কিছু সুযোগ ও ঝুকিও আছে যা উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের সময় বিবেচনায় নিয়েছে।

| | উদ্দেশ্য অর্জনের জন্য সহায়ক | উদ্দেশ্য অর্জনের জন্যক্ষতিকর |
|---|---|---|
| অভ্যন্তরীণ প্রতিষ্ঠানের বৈশিষ্ট | সক্ষমতার দিক (Strength) | দূর্বল দিক (Weakness) |
| | পর্যাপ্ত সম্পদ, দক্ষ জনবল এবং চমৎকার টিমওয়ার্ক বিদ্যমান | উন্নয়ন পরিকল্পনায় মতামত প্রদানে সুযোগের সীমাবদ্ধতা |
| | জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের চমৎকার সমন্বয় | অন্য খাতের তুলনায় ভৌত - অবকাঠামো ও যোগাযোগ খাতে প্রকল্প নেওয়ার প্রবণতা বেশি |
| | হস্তান্তরিত দপ্তরসমূহের মধ্যে চমৎকার সমন্বয় | উপজেলা পরিষদের সিদ্ধান্তে নারী সদস্যদের মতামতের সীমাবদ্ধতা |
| | জনপ্রতিনিধিদের উপজেলা পরিষদ আইনের প্রতি শ্রদ্ধাবোধ | পরিকল্পনা বিষয়ক কারিগরি জ্ঞানের স্বল্পতা এবং দীর্ঘমেয়াদী ও টেকসই উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন উদাসীনতা |
| | জনপ্রতিনিধিদের উপজেলা পরিষদ আইন সম্পর্কে পরিষ্কার ধারনা | অকার্যকর উপজেলার কমিটিসমূহ |
| | উন্নয়ন তহবিল ব্যবহার নীতিমালা মেনে উন্নয়ন কার্যক্রম গৃহিত হয়। | উন্নয়ন বরাদ্দ প্রাপ্তিতে সময়ক্ষেপন |
| | উন্নয়নবান্ধব সরকারি বিধি ও নীতিমালা বিদ্যমান | চাহিদার তুলনায় বাজেট স্বল্পতা |
| | কার্যকর টিজিপি ও ইউসিএফবিপিএলআরএম কমিটি | কিছু কিছু দপ্তরের ও জেলা পরিষদের উন্নয়ন কাজের বিষয়ে উপজেলা পরিষদের সাথে সমন্বয়হীনতা |
| | রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার আলোকে রাজস্ব ব্যয় করা হয়। | |
| | | |
| বাহ্যিক পরিবেশগত বৈশিষ্ট | সুযোগের দিক (Opportunities) | প্রতিকুলতা/ঝুঁকির দিক (Threat) |
| | উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে জনগণের অংশগ্রহণ ও উৎসাহ এবং জনসচেতনতা অতীতের তুলনায় বেড়েছে | রাজনৈতিক দলের চাপ |
| | উন্নয়ন পরিকল্পনা বিষয়ে জনগণের মধ্যে ইতিবাচক পরিবর্তন | প্রান্তিক জনগোষ্ঠীর সেবা গ্রহণে জটিলতা |
| | উপজেলা পরিষদের উন্নয়ন কাজে বিভিন্ন এনজিওকে অন্তর্ভূক্তকরণ | প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে জনগণের অংশগ্রহণের সুযোগের সীমাবদ্ধতা |
| | সকল দপ্তরের সাথে সমন্বয় করে উপজেলার উন্নয়ন কার্যক্রম এর গতিকে তরান্বিত করা | বড় উপজেলা হওয়ার কারণে উন্নয়নে অসমতা |
| | ইউনিয়ন পর্যায়ে আর্থ-সামাজিক অবস্থার ইতিবাচক পরিবর্তন | |